গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০১.১৭.১৮৩ তারিখ: ৩ আশ্বিন ১৪২৫
১৮ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: **জাতীয় অধ্যাপক পদে নিয়োগকৃত অধ্যাপক ড. আনিসুজ্জামান-এর সম্মানী-ভাতা সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় অধ্যাপক (নিয়োগ, শর্তাবলী ও সুবিধাদি) সিদ্ধান্তমালা-১৯৮১ অনুযায়ী এবং অর্থ বিভাগের ২৪.১২.২০১৭ তারিখের ৯৬৭ নং আদেশ অনুযায়ী (কপি সংযুক্ত) গত ১৯.৬.২০১৮ তারিখে অধ্যাপক ড. আনিসুজ্জামান-কে জাতীয় অধ্যাপক পদে নিয়োগ করা হয় (কপি সংযুক্ত)। অধ্যাপক ড. আনিসুজ্জামান ৮/৮/২০১৮ তারিখের পত্রে জানান যে, জাতীয় অধ্যাপক হিসেবে প্রাপ্ত সম্মানী (অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত ৭৮,০০০/-ঢাকা) বিশ্ববিদ্যালয়ের এ্যামিরেটাস অধ্যাপকরূপে তাঁর প্রাপ্ত বেতনভাতাদি থেকে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার টাকা) টাকা কম। তাই তিনি এর কোনো প্রতিকার করা যায় কিনা তা বিবেচনার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে পত্র দিয়েছেন (কপি সংযুক্ত)।

২.০ এমতাবস্থায়, জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান-এর ক্ষেত্রে উক্ত ৫০,০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যক্তিগত বেতন হিসেবে তাঁকে প্রদান করা যায় কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৮-৯-২০১৮
জিন্নাত রেহানা
উপ-সচিব

সচিব অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৮.০০১.১৭.১৮৩/১(৩) তারিখ: ৩ আশ্বিন ১৪২৫
১৮ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) অধ্যাপক ড. আনিসুজ্জামান, জাতীয় অধ্যাপক এবং এ্যামিরেটাস অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১৮-৯-২০১৮

জিন্নাত রেহানা
উপ-সচিব